# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


ফোন ঃ
অফিস ঃ ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।

Phone :
Office : 9555133
Fax : 0088-02-9564763


স্মারক নং-১৫৭-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ২০ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির দশম সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ১২ জুন, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির **দশম সভার** কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসাথে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তের ওপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪/০৭/২০১৭
(আব্দুল খালেক)
সচিব, বাপাউবো ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বাপাউবো নৈতিকতা কমিটি
secretary@bwdb.gov.bd

সংযুক্তি: বর্ণনামতে:

স্মারক নং-১৫৭-পাউবো(সচি)/বোর্ড-২

তারিখঃ ২০ আষাঢ়, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরীত হলো:

১-৫. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৬-৮. চীফ মনিটরিং/ চীফ প্ল্যানিং/ প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
৯. প্রধান, পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১০. সচিব, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য-সচিব।
১১-১২. পরিচালক, জনসংযোগ/অর্থ পরিদপ্তর বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৩. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও কমিটির সদস্য।
১৪. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (**মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ও কমিটির সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য**)।
১৫. অফিস কপি।

(এস, এম, হুমায়ুন কবীর)
উপ পরি:(বোর্ড) (চলতি দায়িত্ব)
বাপাউবো, ঢাকা।


E:\KABIR-5-2 Sanidhechar- Noitikota committee\Meeting-10\forwarding.doc

ডায়েরী নং 2992 তারিখঃ 5/7/17
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

গত ১২ জুন, ২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির দশম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নৈতিকতা কমিটির নবম সভা গত ১২ জুন, ২০১৭ খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বোর্ডের মহাপরিচালক ও বাপাউবো নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোঃ জাহাঙ্গীর কবীর সভায় সভাপতিত্ব করেন। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-১ এ উপস্থাপন করা হলো।

সভার সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বোর্ডের সচিব জনাব আব্দুল খালেক-কে অনুরোধ জানান। সচিব পূর্ববর্তী সভার অগ্রগতি পাওয়ার পয়েন্টের মাধ্যমে ধারাবাহিকভাবে তুলে ধরেন। সভায় কমিটির অন্যান্য সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন।

আলোচ্যসূচী-কঃ পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ সভায় আলোচনা শেষে অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-খঃ বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ক অগ্রগতি:

সভাকে অবগত করা হয় যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩২.২২.০২৪.১৪.৩৫৮ তারিখ ২৭ এপ্রিল, ২০১৭ খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এর চূড়ান্ত প্রজ্ঞাপন বোর্ডে প্রেরণ করা হয়েছে। সে মোতাবেক বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদানের জন্য বোর্ডের স্মারক নং ৯৫-পাউবো (সচি)বোর্ড -২ তারিখ ১৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দ এর মাধ্যমে পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর ও বাপাউবো শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটির সদস্য-সচিব বরাবরে পত্র প্রেরণপূর্বক কমিটির সভাপতি মহোদয়কে অবহিত করা হয়েছে।

সিদ্ধান্ত খঃ এ বিষয়ে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ এর চূড়ান্ত প্রজ্ঞাপন অনুসরণে বোর্ডের পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটিকে বেতনমালার কোন কোন গ্রেডভুক্ত এবং কোন পর্যায়ের (সদর দপ্তর, জোনাল ও মাঠ দপ্তর) কতজন (প্রতি ক্যাটাগরিতে ০২ জন করে) কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কার প্রদান করা হবে তা নির্ধারণপূর্বক পরবর্তী সভায় উপস্থাপন করবেন। এ বিষয়ে কমিটির সদস্য-সচিবকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-গঃ বাপাউবো শুদ্ধাচার নৈতিকতা কমিটির এক বছর মেয়াদী (জুলাই-২০১৬ হতে জুন ২০১৭ পর্যন্ত) কর্মপরিকল্পনা ও ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রী-পরিষদ বিভাগের নির্ধারিত ছকে সভার সদস্যগণের অবগতির জন্য উপস্থাপন ও অনুমোদন করা হয়। সভাকে আরও অবগত করা হয় যে, জুন মাসের ১ম সপ্তাহ হতে বোর্ডের সচিব ও বাপাউবো নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা সপ্তাহের প্রতি বুধবার অফিস চলাকালে সেবাপ্রত্যাশী নাগরিকদের অভাব-অভিযোগ সম্পর্কে শুনানী গ্রহণ কার্যক্রম চালু করেছেন যা সভাকে অবহিত করা হয়।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৭/২০১৭
(আব্দুল খালেক)
সচিব, বাপাউবো
ও বাপাউবো নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা।

০৬/০৭/২০১৭
(মোঃ মাহফুজুর রহমান)
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ও সভাপতি বাপাউবো নৈতিকতা কমিটি।